বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২(শৃঙ্খলা)

গোপনীয়

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৭৩১শৃঙ্খলা)/(২০-২১)/২০২৩-২০২৪/

তারিখঃ ১৯.০৭.২০২৩ খ্রিঃ

## কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ মুনতাসির সারোয়ার (এম-৪০৯৪), পরিদর্শক (বরখাস্তকৃত), বিকেবি, স্টাফ কলেজ শাখা, ঢাকা ইতঃপূর্বে ঢাকা মুখ্য অঞ্চলাধীন বিকেবি, আশুলিয়া বাজার শাখায় মাঠকর্মী (পরিদর্শক) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীন শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ এর (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি, আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধের জন্য ৯৭/২০-২১ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া অত্র বিভাগের ০২-০৬-২০২১ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৭৩১ (শৃঙ্খলা)/২০-২০২১/৩২৯৪ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন ;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ মুনতাসির সারোয়ার আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক আপনাকে গুরুদণ্ডে দণ্ডিত করিবার নিমিত্ত চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ জারির সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন এবং ২৮.০৩.২০২৩ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ ৩ঃ০১ঃ৩৭৩১(শৃঙ্খলা)/(২০-২১)/২০২২-২০২৩/৩৫৭৩ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণামূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ মুনতাসির সারোয়ার অত্র বিভাগের ২৮.০৩.২০২৩ খ্রিঃ তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব ১০-০৫-২০২৩ খ্রিঃ তারিখে দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ মুনতাসির সারোয়ার আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি, আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ মুনতাসির সারোয়ার আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১)(খ)(উ) প্রবিধি মোতাবেক চাকরি হইতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ মুনতাসির সারোয়ার
ভঃতঃসূচক নং-এম-৪০৯৪
পরিদর্শক (বরখাস্তকৃত),
বিকেবি, স্টাফ কলেজ শাখা
ঢাকা।

স্বাক্ষরিত
(মোহাঃ আতিকুর রহমান)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৭৩১(শৃঙ্খলা)/(২০-২১)/২০২৩-২০২৪/ ২৬৮ (৬)

তারিখঃ ১৯.০৭.২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মচারীর চাকরি বহিতে লিপিবদ্ধ করতঃ কর্মী সংক্রান্ত ঘোষণাটি তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
০৫। উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষনাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
০৭। উপমহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮। উপমহাব্যবস্থাপক, পরিপালন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
১১। ব্যবস্থাপক, বিকেবি, স্টাফ কলেজ শাখা, ঢাকা। এতৎসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ মুনতাসির সারোয়ার এর নিকট প্রাপ্তিস্বীকার রসিদ মারফত হস্তান্তর করতঃ রসিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১২। ব্যবস্থাপক, বিকেবি, আশুলিয়া বাজার শাখা, ঢাকা।
১৩। নথি/মহানথি/মূলনথি।

১৯.০৭.২৩
(মুহাম্মদ কামরুল হাসান)
সহকারী মহাব্যবস্থাপক